# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাঈ সংক্রান্ত জ্ঞাতব্য

- সাঈ করার সময় নামাযের জামাত দাঁড়িয়ে গেলে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে সালাত আদায় করবেন।
- সাঈ করার সময় ক্লান্ত হয়ে পড়লে বসে আরাম করবেন। এতে সাঈর কোনো ক্ষতি হবে না।
- শেষ সাঈ-অর্থাৎ সপ্তম সাঈ-মারওয়াতে গিয়ে শেষ করবেন।
- সাঈতে উযু শর্ত নয়। তবে উযু বা পবিত্র অবস্থায় থাকা মুস্তাহাব।[1]
- তাওয়াফ শেষ করার পর যদি কোনো মহিলার হায়েয শুরু হয়ে যায়, তবে তিনি সাঈ করতে পারবেন।

## ফুটনোট

[1]. ফাতাওয়া ইবন বায : ৫/২৬৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন